দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 16 SEP. 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4 ......

# ফল জালিয়াতি : ঢাবি শিক্ষক সাময়িক বহিষ্কার

## সাবেক ভিসি আনোয়ারউল্লাহর ট্রাস্ট ফান্ড বাতিল

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পরীক্ষার ফলাফলে জালিয়াতির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের এক শিক্ষককে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট। মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সাময়িক বহিষ্কার হওয়া ওই শিক্ষকের নাম মোহাম্মদ আজহারুল ইসলাম। তিনি আইন অনুষদের সহকারী অধ্যাপক হিসেবে নিয়োজিত আছেন। এছাড়া, ওই সভায় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরীর নামে গঠিত ট্রাস্ট ফান্ড বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

বিষয়টি নিশ্চিত করে রাতে সিন্ডিকেট সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, পরীক্ষার ফলাফলে জালিয়াতির অভিযোগে সিন্ডিকেট সভায় আইন অনুষদের এক শিক্ষককে সাময়িক বহিষ্কার করা হয়েছে এবং বিষয়টি নিয়ে একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। পরে তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এছাড়া, সভায় গত মাসে গঠিত বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরীর নামে গঠিত ট্রাস্ট ফান্ডটি বাতিল করা হয়েছে। আগামীতে তার নামে বিশ্ববিদ্যালয়ে আর কোন ট্রাস্ট ফান্ড গঠিত হবে না।